



তথ্য অধিকার আইন সম্বন্ধে জানার বিষয়



এ আইনে প্রকাশযোগ্য তথ্য

‘তথ্য’ অর্থ কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাঙুরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বহি, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইন্সট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা উহাদের প্রতিলিপি ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

এ আইনে যে তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

[ধারা ২(চ)] দাঙুরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি তথ্য নয়। এছাড়াও কতিপয় তথ্য প্রকাশ ও প্রদান বাধ্যতামূলক নয়।
ধারা ৭: নিম্নে উল্লেখিত তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়।

- (ক) বাংলাদেশের নিরাপত্তা, অস্তিত্ব ও সার্বভৌমত্বের প্রতি ছুটি হইতে পারে;
- (খ) পরামর্শনীতির কোনো বিষয় যা দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোনো সংস্থা বা আঞ্চলিক কোনো জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হইতে পারে;
- (গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোনো গোপনীয় তথ্য;
- (ঘ) কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;
- (ঙ) কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এরূপ তথ্য যথা: আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন, মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত, ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;
- (চ) প্রচলিত আইনের প্রয়োগ বাধ্যগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে;
- (ছ) জনগণের নিরাপত্তা বিষ্ণিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যহত হতে পারে;
- (জ) কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হইতে পারে;
- (ঝ) কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে;
- (ঝঃ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;
- (ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইবুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল;
- (ঠ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্তকাজে বিষ্য ঘটাইতে পারে;
- (ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে;
- (ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে;
- (ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালক্ষ তথ্য;
- (ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা তার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
- (থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে;
- (দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
- (ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
- (ন) মন্ত্রীপরিষদ বা উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষাঙ্গিক দলিলাদি এবং উক্তরপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য:
- (মন্ত্রীপরিষদ বা উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হইবার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যে সকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হইয়াছে তাহা প্রকাশ করা যাবে)

প্রচারে: মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী